



1. প্রেসিডেন্ট বাইডেন-কর্তৃক দুর্ভোগ ঘোষণার অর্থ কী?

FEMA উপযুক্ত ডেট্রয়েটবাসীদের ফেডারেল তহবিল সরবরাহ করবে। এর মধ্যে অনুদান, কম খরচে ঋণ এবং অন্যান্য কর্মসূচি অন্তর্ভুক্ত থাকতে পারে।

2. আমি কীভাবে FEMA-এর কাছে দাবি পেশ করব?

বন্যার ক্ষয়ক্ষতির শিকার বাসিন্দা ও ব্যবসা প্রতিষ্ঠানসমূহকে অবিলম্বে FEMA-এর ব্যয় ফেরত প্রদানের আবেদন করা উচিত। এমনকি আপনি অনলাইনে বা ডাকযোগে DWSD দাবি ফরম পূরণ করলেও আপনাকে FEMA-এর কাছে আবেদন করতে হবে। আপনি www.DisasterAssistance.gov-এ বা 800-621-FEMA (3362)-এ ফোন কল করে প্রক্রিয়া শুরু করতে পারেন।

3. FEMA কী কী ধরনের ব্যয় ফেরত দিবে?

FEMA ডেট্রয়েটে তাদের ত্রাণ প্রচেষ্টা শুরু করার পরে মানদণ্ড, নির্দেশিকা এবং অর্থায়নের জন্য প্রান্তিক সীমা ঘোষণা করবে।

4. তারপরও কি DWSD-এর কাছে আমার দাবি করা উচিত?

- হ্যাঁ, 25-26 জুনের ঝড়বৃষ্টির সময় আপনার নর্দমা ভরাট হয়ে (sewer backup) গেলে DWSD-এর কাছে স্থানীয় একটি দাবি দাখিল করা উচিত।

5. আমার বেজমেন্টে এখনো পানি জমে থাকলে বা অন্যান্য তাৎক্ষণিক স্বাস্থ্যগত জরুরি পরিস্থিতিতে আমি কী করব?

- অবিলম্বে 313-267-8000 নম্বরে হটলাইনে ফোন করুন।

6. বেজমেন্ট থেকে এখনো জঞ্জাল অপসারণে সাহায্যের প্রয়োজন হলে আমি কী করব?

- 313-267-8000 নম্বরে হটলাইনে ফোন করুন।
- নগর কর্তৃপক্ষ গণ-স্বেচ্ছাসেবকদের পাশাপাশি পূর্ণকালীন কর্মচারীদেরকে নিয়োজিত করেছে।
- আপনার বিমা না থাকলে রসিদ এবং ছবি সংরক্ষণ করুন। FEMA আপনার ব্যয় ফেরত দিতে পারে। অপেক্ষা করার কোনো কারণ নেই।



7. আমার বেজমেন্ট পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার দরকার হলে আমি কী করব?

- আপনার নিজের যদি বেজমেন্ট পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার দক্ষতা থাকে, তাহলে এখনই তা করুন। আপনি আপনার বিমা কোম্পানির কাছে দাবি পেশ করতে পারেন।
- FEMA ক্ষয়ক্ষতির জন্য করা ব্যয় ফেরত দিয়ে থাকে, তারা এসে আপনার বাড়ি পরিষ্কার করে না, তাই পরিষ্কার ও জীবাণুমুক্ত করার জন্য আর অপেক্ষা করবেন না।

8. আমি বাড়িওয়ালা হলে কী করব?

- বাড়িওয়ালাদের প্রতিবন্ধক জঞ্জাল অপসারণ, বন্যায় ক্ষতিগ্রস্ত স্থান পরিষ্কার ও জীবাণুমুক্ত করা, গরম জলের হিটার এবং চুল্লি কাজ করছে কিনা তা নিশ্চিত করতে হবে।
- BSEED 20 জুলাই থেকে পরিদর্শন এবং যেসব বাড়িওয়ালা সাড়া প্রদান করেননি, তাদেরকে প্রতিদিন 250 ডলার জরিমানার টিকিট দিতে শুরু করবে।
- বাড়ির মালিকদের বিমা দাবি পেশ করা উচিত।
- বাড়ির মালিকরা FEMA-এর ব্যয় প্রত্যর্পণের যোগ্য হতে পারেন।

9. বন্যায় ক্ষতিগ্রস্ত ভাড়াটে হলে আমি কী করব?

- আপনি ভাড়াটে হলে এবং বাড়ির মালিক আপনার জীবনযাত্রাকে নিরাপদ না করে থাকলে, আপনার 20 জুলাই, 2021 থেকে BSEED এর কাছে অভিযোগ দায়ের করা উচিত। বাড়িতে একজন পরিদর্শক পাঠানো হবে। কোনো যাচাইকৃত অভিযোগ থাকলে বাড়ির মালিক নিয়ম মেনে চলতে ব্যর্থ হওয়ার জন্য তাকে নিয়ম ভঙ্গের নোটিশ জারি করা হবে এবং প্রতিদিন অমান্যের জন্য তাকে 250 ডলারের টিকিট প্রদান করা হবে। অভিযোগ দায়ের করতে 313-267-8000 নম্বরে হটলাইনে ফোন করুন।
- FEMA কর্তৃক অর্থায়নের মাধ্যমে ব্যক্তিগত সামগ্রীর জন্য করা ব্যয় ফেরতযোগ্য হতে পারে।
- ক্ষয়ক্ষতির ছবি তুলুন এবং আপনার বেজমেন্ট পরিষ্কার করার জন্য আপনার কাছে থাকা কোনো রসিদ সংরক্ষণ করুন।



10. আমি ইতোমধ্যে আমার বেজমেন্ট পরিষ্কার করার পদক্ষেপ গ্রহণকারী বাড়িওয়ালা হলে কী করব?

- আপনার বিমা কোম্পানির কাছে দাবি পেশ করা উচিত।
- আপনি DWSD দাবি ফরম পূরণ করে থাকলেও এখনই FEMA-এর ব্যয় প্রত্যর্পণের জন্য আবেদন করুন। www.DisasterAssistance.gov-এ বা 800-621-FEMA (3362)-এ ফোন কল করে প্রক্রিয়া শুরু করতে করুন।



11. আমি সবচেয়ে ঝুঁকিপূর্ণ বাড়ির মালিকদের একজন হলে এবং আমার এখনো বেজমেন্ট পরিষ্কার ও জীবাণুমুক্ত করার জন্য সাহায্যের প্রয়োজন হলে আমি কী করব?

- আমরা বাড়ির মালিকদের শহরের দারিদ্র্য কর ছাড়ের ক্ষেত্রে অগ্রাধিকার দিচ্ছি। যেসব বাড়ির মালিক 65 এর অধিক বয়সী, প্রতিবন্ধী অথবা বাড়িতে 10 বা কম বয়সী সন্তান রয়েছে, HPTAP তাদেরকে যোগ্য হিসাবে অনুমোদন করেছে।
- নর্দমার জল ও ময়লার মতো স্বাস্থ্য ঝুঁকি থেকে আপনার বাড়ি নিরাপদ করার কাজের ব্যয় মিটাতে নগর কর্তৃপক্ষ আপনাকে সহায়তা করবে। আমরা জঞ্জাল, ক্ষতিগ্রস্ত ড্রাইওয়াল, টাইল অপসারণের পাশাপাশি আপনার বেজমেন্ট পরিষ্কার, জীবাণুমুক্ত এবং শুষ্ক করব।
- পারলে আপনার বেজমেন্ট থেকে জঞ্জাল সরিয়ে ফেলুন।
- প্রক্রিয়া শুরু করতে 313-267-8000 নম্বরে হটলাইনে ফোন করুন।

সব ক্ষেত্রেই আপনার উচিত বন্যার কারণে হওয়া ক্ষয়ক্ষতির ছবি তুলে রাখা এবং আপনার বেজমেন্ট পরিষ্কার করা ও মেরামত করার রসিদ সংরক্ষণ করা। আপনার বিমা করা থাকলে আপনাকে অবিলম্বে বিমা কোম্পানির কাছে দাবি পেশ করতে হবে।